



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.৪৩

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC) এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ
নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং- ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫১; ২৮ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অন্যান্য বছরের ন্যায় এ বছরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আশাশী ১৬ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: <https://nhspc.bcc.gov.bd/> এবং রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় ০২ মে ২০২৬ তারিখ রাত ১২.০০ ঘটিকা।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিযোগিতার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক ও কলেজ পর্যায়ের সকল প্রতিষ্ঠানে প্রচার-প্রচারণা এবং শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নির্দেশিকাসহ ০২ (দুই) পাতা।

৩০-০৪-২০২৬

এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি কলেজ (সকল)।
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি স্কুল এন্ড কলেজ (সকল)।
- ৩। প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.২২.০০০৪.২৫.৪৩/১ (১০)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/মনিটরিং এন্ড ইভালুয়েশন/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

চলমান পাতা - ১ / ২

- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৫। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৬। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস (সকল)।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি.....।
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)।
- ৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ১০। সংরক্ষণ, নথি।



৩০-০৪-২০২৬

এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১